উপজেলা পরিষদ
ভৈরব, কিশোরগঞ্জ

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## জুলাই ২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি: | জনাব মোঃ সায়দুল্লাহ্ মিয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ |
| সভার স্থান: | উপজেলা পরিষদ সভাকক্ষ (২য় তলা), ভৈরব, কিশোরগঞ্জ |
| সভার সূচি: | বৃহস্পতিবার, ১৫ জুলাই ২০২১: বেলা ১২:০০ ঘটিকা |
| সভার উপস্থিতি: | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নির্ধারিত কার্যসূচি অনুযায়ী সাধারণ সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এ পর্যায়ে উপজেলা পরিষদে ন্যস্ত বিভিন্ন দপ্তরের মাসিক কার্যক্রম সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ভৈরব উপজেলায় কোভিড-১৯ করোনা ভাইরাসে সর্বমোট নমুনা সংগ্রহ ৬৯১৪ জন। মোট সনাক্ত রুগী ১১১৩ জন এর মধ্যে সুস্থ্য হয়েছে ১০৬৯ জন, মৃত্যু হয়েছে ২১ জন। বর্তমান পজেটিভ রুগী ২৩ জন। ভ্যাক্সিন কার্যক্রম ১ম ডোজ পেয়েছে ৮০৩০ জন; ২য় ডোজ পেয়েছে ৬৩২২ জন। কোভিড-১৯ সচেতনতামূলক সভা, সেমিনার, ব্যানার, হ্যান্ডবিল ও মাস্ক বিতরণ কর্মসূচি চলছে। বিভিন্ন ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকের সংখ্যা বাড়ানোর লক্ষ্যে জমি সংগ্রহ ও ক্লিনিক স্থাপনের জন্য পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। বিভাগীয় অন্যান্য কাজ যথারীতি চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। কমিউনিটি ক্লিনিক স্থাপনের জমি প্রদানের জন্য চেয়ারম্যান ইউপি (সকল)কে অনুরোধ করা হয়। | ▫ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>▫ চেয়ারম্যান ইউপি (সকল) |
| ২. | পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, করোনা পরিস্থিতির মধ্যে তার দপ্তরের মাঠকর্মীবৃন্দ তাদের স্বাভাবিক কার্যক্রম চালিয়ে যাচ্ছে। বিভাগীয় অন্যান্য কাজ যথারীতি চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রাসায়নিক সারের কোন প্রকার সংকট নাই। ভার্মিকম্পোস্ট/ কেঁচো সার উৎপাদন বৃদ্ধির জন্য প্রতি ব্লকে ১টি করে মোট ২২টি ব্লকে পৌরসভাসহ ভার্মি কম্পোস্ট উৎপাদন খামার প্রয়োজন, যার ফলে ভৈরবের কৃষি ত্বরান্বিত হবে। উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে উক্ত প্রকল্পটি বাস্তবায়নের অনুরোধ করেন। বিভাগীয় অন্যান্য কাজ যথারীতি চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪. | মৎস্য অধিদপ্তর, ভৈরব<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) ও ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ (II) প্রজেক্ট (এনএটিপি ২) এর কার্যক্রম চলমান রয়েছে। তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ সি. উপজেলা মৎস্য কর্মকর্তা |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৫. | **প্রাণিসম্পদ অধিদপ্তর, ভৈরব**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, পশুখাদ্যে ও ভেটেনারী ফার্মেসীগুলোর ঔষধ প্রশাসনের অনুমোদনহীন ভেজাল ঔষধ ও খাদ্য বিক্রয় প্রতিরোধে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ করেন। বিভাগীয় অন্যান্য কাজ যথারীতি চলছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে | ◻ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৬. | **স্থানীয় সরকার বিভাগ**<br>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ভৈরব<br>১. বকেয়া বিদ্যুৎ ও গ্যাস বিল প্রদানের ক্ষেত্রে স্ব-স্ব দপ্তরের সাথে আলোচনা করে সমস্যা সমাধান করা যেতে পারে। | বকেয়া বিদ্যুৎ ও গ্যাস বিল প্রদানের ক্ষেত্রে স্ব-স্ব দপ্তরের সাথে আলোচনা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ◻ সংশ্লিষ্ট সকল |
| | ২. উপজেলা পরিষদ কমপ্লেক্সে অবস্থিত ০১টি পুরাতন পরিত্যাক্ত ভবন নিলামে বিক্রয়ের জন্য ৮৭,৮৯৫/- (সাতাশি হাজার আটশত পচানব্বই) টাকা মাত্র প্রাক্কলন প্রস্তুত করে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।<br>৩. উপজেলা পরিষদ কমপ্লেক্সে অবস্থিত পুরাতন পরিত্যাক্ত কৃষি ভবন নিলামে বিক্রয়ের জন্য ৭৯,৫৯১/- (উনাশি হাজার পাঁচশত একানব্বই) টাকা মাত্র প্রাক্কলন প্রস্তুত করে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।<br>৪. উপজেলা পরিষদ কমপ্লেক্সে অবস্থিত পুরাতন পরিত্যাক্ত বিএডিসি ভবন নিলামে বিক্রয়ের জন্য ৯৪,০৩৭/- (চুরানব্বই হাজার সাইত্রিশ) টাকা মাত্র প্রাক্কলন প্রস্তুত করে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। | উপজেলা পরিষদ কমপ্লেক্সে অবস্থিত ০১টি পুরাতন পরিত্যাক্ত ভবন ৮৭,৮৯৫/- (সাতাশি হাজার আটশত পচানব্বই) টাকা, পুরাতন পরিত্যাক্ত কৃষি ভবন ৭৯,৫৯১/- (উনাশি হাজার পাঁচশত একানব্বই) টাকা, পুরাতন পরিত্যাক্ত বিএডিসি ভবন ৯৪,০৩৭/-(চুরানব্বই হাজার সাইত্রিশ) টাকা নিলামে বিক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | ◻ চেয়ারম্যান ভৈরব উপজেলা পরিষদ<br>◻ উপজেলা নির্বাহী অফিসার<br>◻ উপজেলা প্রকৌশলী |
| ৭. | **দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ভৈরব**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করার জন্য সতর্ক থাকার অনুরোধ করেন। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে মর্মে জানান। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ◻ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>◻ চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ৮. | **সমাজসেবা অধিদপ্তর, ভৈরব**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে মর্মে জানান। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ◻ উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৯. | **প্রাথমিক শিক্ষা অধিদপ্তর**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়, ভৈরব<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, শিক্ষকদের ১৩তম গ্রেড প্রদানের বিষয়ে তড়িৎ গতিতে কার্যক্রম চলছে। তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ◻ উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১০. | **মহিলা বিষয়ক অধিদপ্তর, ভৈরব**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, সকল ভাতা বিতরণ সুষ্ঠুভাবে | সুষ্ঠুভাবে দাপ্তরিক | ◻ উপজেলা মহিলা |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | চলছে। ২০২০-২১ অর্থবছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচীর আওতায় প্রতি ইউনিয়নে ৭ জন করে মোট ৪৯ জন ভাতাভোগীর বরাদ্দ পাওয়া গিয়েছে। সন্ত্রাস ও জঙ্গীবাদ নিরোধ, মাদকাসক্তি নিরোধ, নারী নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত প্রচারণামূলক সভা/উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | কার্যক্রম পরিচালনা করতে হবে | বিষয়ক কর্মকর্তা<br>চেয়ারম্যান ইউপি (সকল) |
| ১১. | যুব উন্নয়ন অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ভৈরব উপজেলায় ২০২০-২০২১ অর্থ বছরে ৪০০ জন যুব ও যুব মহিলাকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৬৫ জনের মাঝে ২৬,৩০,০০০/- (ছাব্বিশ লক্ষ ত্রিশ হাজার) টাকা ঋণ বিতরণ করা হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২. | স্থানীয় সরকার বিভাগ<br>(খ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভৈরব<br>উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, নিরাপদ পানি সরবরাহের প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরের ১৮২টি নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছিল তা ৬টি ইউনিয়নে ৫০% বরাদ্দ তালিকা পাওয়া গিয়েছে। শুধুমাত্র গজারিয়া ইউনিয়ন পরিষদের বরাদ্দকৃত বরাদ্দকৃত স্থান তালিকা পাওয়া যায়নি। প্রতিটি ইউনিয়নে বরাদ্দকৃত নলকূপের স্থান তালিকা দ্রুত দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৩. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ,<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ভৈরব<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, মূল কর্মসূচির সাথে অন্যান্য প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ২০০.০০ লক্ষ টাকা। ঋণ বিরতণ করা হয়েছে ১৮২.৩৬ লক্ষ টাকা। আদায়ের লক্ষ্যমাত্রা ১৭৫.০৯ লক্ষ টাকা আদায় হয়েছে ১৩৫.৯৫ লক্ষ টাকা। আদায়ের হার ৭৮%। করোনা সংক্রমণের জন্য ঋণ বিরতণ ও আদায় ব্যাপারে চেয়ারম্যান ইউপি সকল ও উপজেলা নির্বাহী অফিসার এর সহযোগিতা কামনা করেন।<br>একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষমাত্রা ৬.৫০ লক্ষ টাকা। সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ৯৮.০০ লক্ষ টাকা ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৬.৫০ লক্ষ টাকা। বিতরণের হার ১৫% আদায় হার ৬২% লক্ষ টাকা।<br>পল্লী জীবিকায়ন প্রকল্প (২য় পর্যায়) আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ঋণ বিতরণ করা হয় ৫.৪০ লক্ষ টাকা। ঋণ আদায় করা হয় ৫.৩৯ লক্ষ টাকা। এছাড়া তার কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | - উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>- উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার<br>- ব্যবস্থাপক পল্লী জীবিকায়ন প্রকল্প (২য় পর্যায়) |
| ১৪. | উপজেলা বন বিভাগ, ফরেস্টার-এর কার্যালয়, ভৈরব<br>ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র জানান যে, সামাজিক বনায়নের মাধ্যমে সৃজিত বৃক্ষ উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনার জন্য কাটার ব্যাপারে প্রয়োজনীয় বিধি বিধান উপস্থাপনের জন্য ফরেস্টারকে অনুরোধ করা হলো। | সামাজিক বনায়নের মাধ্যমে সৃজিত বৃক্ষ উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনার জন্য কাটার ব্যাপারে প্রয়োজনীয় বিধি বিধান উপস্থাপনের জন্য | - ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | ফরেস্ট বাংলো পুনরায় অনুরোধ করা হয় | |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়, ভৈরব<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন যে, ভৈরব উপজেলার ৪১টি মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসা ইউনিক আইডি খোলা বিষয়ক অনলাইন প্রশিক্ষণ শেষ হয়েছে। তাঁর কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ, উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়, ভৈরব<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, আশ্রয়ন প্রকল্পে ঋণ আদায় কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন হয়েছে। সমবায় বাজার নীতিমালা অনুযায়ী সমবায় বাজার স্থাপনের আলোচনা করেন। এছাড়া তাঁর কার্যালয়ের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। ০২টি আশ্রয়ণ মধ্যে নবীপুর আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায়ের হার ৬৭.৭২% সিদ্দিরচর আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের হার ৬৮.৫৩%। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭. | তথ্যসেবা কর্মকর্তা বলেন যে, গ্রামীণ সুবিধা বঞ্চিত নারীদের নিয়ে কাজ করা হয়। তথ্য প্রযুক্তির মাধ্যমে গ্রামীণ নারীদের দৈনন্দিন সমস্যা সমাধান করা। এই ব্যাপারে আমরা সরকারি বিভিন্ন কার্যালয়ের সহযোগিতা নিয়ে থাকি। কোভিড- ১৯ করোনা ভাইরাসের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে ডোর টু ডোর এবং উঠান বৈঠক সেবা চলছে | তথ্যসেবা কেন্দ্রে গ্রামীণ সুবিধা বঞ্চিত নারীদের তথ্য প্রযুক্তির মাধ্যমে দৈনন্দিন সমস্যা সমাধানসহ অন্যান্য সুবিধা প্রদান করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>তথ্যসেবা কর্মকর্তা<br>চেয়ারম্যান ইউপি (সকল) |
| ১৮. | ভৈরব পৌরসভা, ভৈরব<br>ভৈরব পৌরসভার মেয়র বলেন, তাঁর পৌরসভার কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | মেয়র, ভৈরব পৌরসভা, ভৈরব |
| ১৯. | ইউনিয়ন পরিষদ, আগানগর<br>চেয়ারম্যান, আগানগর ইউনিয়ন পরিষদের পক্ষে উপস্থিত পরিষদ সচিব বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ও সচিব, আগানগর ইউনিয়ন পরিষদ |
| ২০. | ইউনিয়ন পরিষদ, কালিকাপ্রসাদ<br>চেয়ারম্যান, কালিকাপ্রসাদ ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ও সচিব,কালিকাপ্রসাদ ইউনিয়ন পরিষদ |
| ২১. | ইউনিয়ন পরিষদ, গজারিয়া<br>চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ও সচিব, গজারিয়া ইউনিয়ন পরিষদ |
| ২২. | ইউনিয়ন পরিষদ, শিবপুর<br>চেয়ারম্যান, শিবপুর ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ও সচিব, শিবপুর ইউনিয়ন পরিষদ |

| ক্রমিক | আলোচনা | | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৫. | বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর | ১০,৩৬৬ | | |
| ১৬. | বিজ্ঞাপন ম্যানেজার, দি ফিনান্সিয়াল এক্সপ্রেস | ১৩,২৯৫ | | |
| ১৭. | বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক দেশ রুপান্তর | ২৪,১৯২ | | |
| ১৮. | বিজ্ঞাপন ম্যানেজার, বাংলাদেশ টু ডে | ১৬,৫২৭ | | |
| ১৯. | বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আজকের বাংলাদেশ | ৩১,৬৪০ | | |
| ২০. | বিজ্ঞাপন ম্যানেজার, বাংলাদেশ টু ডে | ৩০,৯৩৯ | | |
| | ঐ কাজের বিল হতে ৪% আয়কর কর্তন | ৬,১৬৬ | | |
| | ঐ কাজের বিল হতে ১৫% ভ্যাট কর্তন | ২৩,২০৫ | | |
| ২১. | উপজেলা পরিষদের ১টি টেবিল, ১০টি চেয়ার ও ১টি আলমিরা মেরামত ও বার্নিস করা | ২২,১৭২ | | |
| ২২. | উপজেলা পরিষদের ১টি টেবিল, ১টি টি-টেবিল ও ২টি আলমিরা মেরামত ও বার্নিস করা | ২২,১৭২ | | |
| | ঐ কাজের বিল হতে ২% আয়কর কর্তন | ৯৮০ | | |
| | ঐ কাজের বিল হতে ৭.৫% ভ্যাট কর্তন | ৩,৬৭৬ | | |
| ২৩. | বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক পূর্বকন্ঠ | ৮৬,৪০০ | | |
| ২৪. | বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক গৃহকোণ | ৭,৩৭৩ | | |
| ২৫. | বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যায় যায় দিন | ১২,৮৫৯ | | |
| ২৬. | বিজ্ঞাপন ম্যানেজার, দি ফিনান্সিয়াল এক্সপ্রেস | ১০,৪২৬ | | |
| | সর্বমোট ৪% আয়কর কর্তন | ৫,০০২ | | |
| | সর্বমোট ১৫% ভ্যাট কর্তন | ১৮,৭৫৯ | | |
| ২৭. | উপজেলা পরিষদের জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত ১২ মাসের পত্রিকা বিল | ২১,৬০০ | | |
| ২৮. | উপজেলা পরিষদের ১টি রিভলভিং পারটেক্স চেয়ার ক্রয়করণ | ২০,৩৩৫ | | |
| ২৯. | উপজেলা পরিষদের ১টি সেক্রেটারী টেবিল ক্রয়করণ | ২০,৬২৫ | | |
| ৩০. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ১টি রিভলভিং পারটেক্স চেয়ার ক্রয়করণ | ২০,৩৩৫ | | |
| ৩১. | উপজেলা নির্বাহীঅফিসারের কার্যালয়ে ১টি সেক্রেটারী টেবিল ক্রয়করণ | ২০,৬২৫ | | |
| | ঐ কাজের বিল হতে ২% আয়কর কর্তন | ১,৯৭৪ | | |
| | ঐ কাজের বিল হতে ১৫% ভ্যাট কর্তন | ১৪,৮০৬ | | |
| ৩২. | মেসার্স বায়োজিদ এন্টারপ্রাইজ প্যাকেজ নং রাজস্ব/ভৈ./২০১৯-২০ এর ১০% জামানত | ১,৩৯,৯৩০ | | |
| ৩৩. | উপজেলা পরিষদের কম্পিউটার সার্ভিসিং ও ফটোকপি মেশিন এর যন্ত্রাংশ ক্রয় ও সার্ভিসিং বিল | ১৯,৬৩০ | | |
| ৩৪. | উপজেলা পরিষদের কম্পিউটার মেরামত করণ | ১,৬২৯ | | |
| | ঐ কাজের বিল হতে ২% আয়কর কর্তন | ৯৯৮ | | |
| | ঐ কাজের বিল হতে ৭.৫% ভ্যাট কর্তন | ৩,৭৪৩ | | |
| ৩৫. | সম্প্রসারিত প্রশাসনিক ভবনের বিদ্যুৎ বিল প্রদান | ১,১০,৭৭১ | | |
| ৩৬. | মশা নিধনের জন্য মেশিন ক্রয় | ৬৩,৩৫০ | | |
| | ঐ কাজের বিল হতে ২% আয়কর কর্তন | ১,৪০০ | | |
| | ঐ কাজের বিল হতে ৭.৫% ভ্যাট কর্তন | ৫,২৫০ | | |
| ৩৭. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর সম্মানী ভাতা (জুন ২০২১ মাস) | ৪৫,০০০ | | |
| ৩৮. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ভাতা (মে ২০২১ হতে জুন ২০২১ পর্যন্ত ২ মাস) | ১৫,০০০ | | |
| ৩৯. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর সম্মানী ভাতা (জুন ২০২১ মাস) | ২৭,০০০ | | |
| ৪০. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ভাতা (এপ্রিল ২০২১ হতে জুন ২০২১ পর্যন্ত ৩ মাস) | ১৮,০০০ | | |
| ৪১. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভৈরব | ২৭,০০০ | | |

| ক্রমিক | আলোচনা | | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | এর সম্মানী ভাতা (জুন ২০২১ মাস) | | | |
| | ৪২. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ভাতা (এপ্রিল হতে জুন ২০২১ পর্যন্ত ৩ মাস) | ১৮,০০০ | | |
| | ৪৩. উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর দৈনিক হাজিরার মজুরি প্রদান (জুন ২০২১ মাস) | ৩৩,০০০ | | |
| | ৪৪. উপজেলা পরিষদের আপ্যায়ন (জুন ২০২১ মাস) | ২৯,৯৯০ | | |
| | ৪৫. উপজেলা পরিষদের আনুষঙ্গিক ও জেনারেটরের তেলের বিল (জুন ২০২১ মাস) | ৯,৯৯০ | | |
| | ৪৬. ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) উপজেলা কমিটির সভার মাসিক ব্যয় বিল (জুন ২০২১ মাস) | ৮,০০০ | | |
| | ৪৭. বর্জ্য ব্যবস্থাপনা/ পরিস্কার পরিচ্ছন্ন বাবদ মাসিক চুক্তিভিত্তিক বিল (জুন ২০২১ মাস) | ৮,০০০ | | |
| | ৪৮. নিরাপত্তা খাত (আনসার) বাবদ মাসিক চুক্তিভিত্তিক বিল (জুন ২০২১ মাস) | ৮,০০০ | | |
| | ৪৯. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২টি ঘর নির্মাণের জন্য সভাপতি, মুজিব বর্ষ উপলক্ষে গৃহহীনদের জন্য ঘর নির্মাণ প্রকল্পকে প্রদান | ৪,৫০,০০০ | | |
| ২৭. | উপজেলা পরিষদ কমপ্লেক্স ব্যানার ও পোস্টার মুক্ত রাখা<br>দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২ এর ৩ ধারা অনুসারে উপজেলা পরিষদ কমপ্লেক্স ও এর আওতাধীন জায়গায় পোস্টার, ব্যানার বা এ ধরনের প্রচারপত্র লাগানো এবং দেওয়াল লিখন নিষিদ্ধ ঘোষণার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কমপ্লেক্সটি ব্যানার ও পোস্টারমুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | | উপজেলা পরিষদ কমপ্লেক্সে পোস্টার, ব্যানার বা এ ধরনের প্রচারপত্র লাগানো এবং দেওয়াল লিখন মুক্ত রাখা হবে। | ▫ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮. | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ<br>ভৈরব উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত বিভিন্ন সরকারি দপ্তরের নিকট বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পচিশ লক্ষ টাকারও বেশি বিল পাওনা রয়েছে মর্মে দেখা যায়। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গ্রাহকের নিকট হতে প্রাপ্ত অর্থ দিয়ে তাদের কার্যক্রম পরিচালনা করে। সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার স্বার্থে স্ব-স্ব দপ্তরকে তাদের বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | | স্ব-স্ব দপ্তর তাদের নিকট প্রাপ্য বকেয়া পরিশোধের ব্যবস্থা করবে। | ▫ স্ব-স্ব দপ্তর প্রধান |
| ২৯. | বকেয়া গ্যাস বিল পরিশোধ<br>ভৈরব উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত বিভিন্ন সরকারি আবাসিক কোয়ার্টারের নিকট গ্যাস বিল পাওনা রয়েছে মর্মে দেখা যায়। উপজেলা প্রকৌশলীকে আবাসিক কোয়ার্টারের লেজার নম্বর চিহ্নিত করে বকেয়া গ্যাস বিল পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | | উপজেলা প্রকৌশলীকে আবাসিক কোয়ার্টারের লেজার নম্বর চিহ্নিত করে বকেয়া গ্যাস বিল বকেয়া পরিশোধের ব্যবস্থা করবে। | ▫ উপজেলা প্রকৌশলী<br>▫ সহকারী প্রকৌশলী, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি., জোনবিঅ-ভৈরব |
| ৩০. | উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার নন্দিতা ভবনের মেরামত করা জরুরীভাবে প্রয়োজন। উক্ত ভবনের জন্য টা. ৫,৫৭,৭৭৭/- প্রাক্কলন প্রস্তুত করে উপস্থাপন করা হলো। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | | গেজেটেড কোয়ার্টার নন্দিতা ভবনের মেরামতের জন্য টা. ৫,৫৭,৭৭৭/- টাকার প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | ▫ চেয়ারম্যান ভৈরব উপজেলা পরিষদ<br>▫ উপজেলা নির্বাহী অফিসার<br>▫ উপজেলা প্রকৌশলী |

৩৫/০৭/২০২১

মো. সায়দুল্লাহ মিয়া
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভৈরব, কিশোরগঞ্জ

পত্র সংখ্যা: ০৫.৪১.৪৮১১.০০০.০৮.০৫০.০৫- ৫৩০ তারিখ : ১৫ জুলাই ২০২১

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মাননীয় সংসদ সদস্য, ১৬৭, কিশোরগঞ্জ-৬, বাংলাদেশ জাতীয় সংসদ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ সাধারণ সভা, ভৈরব, কিশোরগঞ্জ
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।
৩. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কমিশনারের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ ।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ
৭. মেয়র, ভৈরব পৌরসভা, ভৈরব, কিশোরগঞ্জ ।
৮. ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভৈরব, কিশোরগঞ্জ ।
৯. উপজেলা কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ ।
১০. চেয়ারম্যান, সাদেকপুর/ আগানগর/ শিমুলকান্দি/ গজারিয়া/ কালিকাপ্রসাদ/ শিবপুর/ শ্রীনগর ইউনিয়ন পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ ।
১১. জনাব ........................................................................................................
১২. অফিস কপি ।

লুবনা ফারজানা
উপজেলা নির্বাহী অফিসার
ভৈরব, কিশোরগঞ্জ